

## তৈরি পোশাক কারখানা

আইসিডিডিআর,বি এবং যুক্তরাজ্যের দ্য ওয়াটারলু ফাউন্ডেশন যৌথভাবে বাংলাদেশের তৈরি পোশাক কারখানায় নিরাপদ পানি, স্যানিটেশন, পরিষ্কার-পরিচ্ছন্নতার সার্বিক অবস্থা জানার জন্য একটি নতুন গবেষণা পরিচালনা করেছে। এই গবেষণার মূল উদ্দেশ্য হলো দু'টি তৈরি পোশাক কারখানার নিরাপদ পানি, স্যানিটেশন, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যসম্মত মাসিক ব্যবস্থাপনার (এমএইচএম) প্রচলিত সুযোগ সুবিধা এবং অনুশীলনের উন্নয়নের মাধ্যমে তথ্যভিত্তিক কৌশল প্রণয়ন এবং অন্যান্য কারখানায় তা প্রয়োগের পথ তৈরি করা। আজ সচেতনতা বৃদ্ধি এবং নিরাপদ পানি, স্যানিটেশন সংশ্লিষ্ট প্রচলিত ভুল অভ্যাসগুলো পরিবর্তন বিষয়ে ঢাকার মিরপুরে অবস্থিত আহমেদ ফ্যাশনস-এর কর্মীদের অংশগ্রহণে একটি আলোচনা সভা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়।

ঢাকা, ১৪ই ফেব্রুয়ারি ২০১৯

আইসিডিডিআর,বি এবং যুক্তরাজ্যের দ্য ওয়াটারলু ফাউন্ডেশন যৌথভাবে বাংলাদেশের তৈরি পোশাক কারখানায় নিরাপদ পানি, স্যানিটেশন, পরিষ্কার-পরিচ্ছন্নতার সার্বিক অবস্থা জানার জন্য একটি নতুন গবেষণা পরিচালনা করেছে। এই গবেষণার মূল উদ্দেশ্য হলো দু'টি তৈরি পোশাক কারখানার নিরাপদ পানি, স্যানিটেশন, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যসম্মত মাসিক ব্যবস্থাপনার (এমএইচএম) প্রচলিত সুযোগ সুবিধা এবং অনুশীলনের উন্নয়নের মাধ্যমে তথ্যভিত্তিক কৌশল প্রণয়ন এবং অন্যান্য কারখানায় তা প্রয়োগের পথ তৈরি করা। আজ সচেতনতা বৃদ্ধি এবং নিরাপদ পানি, স্যানিটেশন সংশ্লিষ্ট প্রচলিত ভুল অভ্যাসগুলো পরিবর্তন বিষয়ে ঢাকার মিরপুরে অবস্থিত আহমেদ ফ্যাশনস-এর কর্মীদের অংশগ্রহণে একটি আলোচনা সভা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়।

বাংলাদেশে প্রায় চার হাজার পাঁচশত পোশাক কারখানায় বিয়াল্লিশ লক্ষ নারী শ্রমিক কাজ করে। কিন্তু কর্মক্ষেত্রে তারা কী ধরনের পানি, স্যানিটেশন, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যসম্মত মাসিক ব্যবস্থাপনার সুযোগ সুবিধা পেয়ে থাকে এবং সেসব ব্যবহারের ক্ষেত্রে তাদের প্রচলিত অভ্যাসগুলো কতটুকু স্বাস্থ্য উপযোগী সে সম্পর্কে খুব কম জানা যায়। ২০১৮ সালের মার্চ শুরু হওয়া এই গবেষণার শুরুতে কারখানা দু'টিতে সার্বিক পরিস্থিতি সরেজমিনে পর্যবেক্ষণ করার পর নিরাপদ পানি, স্যানিটেশন, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যসম্মত মাসিক ব্যবস্থাপনা-সম্পর্কিত অবকাঠামো, যেমন টয়লেট চেম্বার, হাত ধোয়ার স্থান, পানি সরবরাহের স্থান এবং বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন করা হয়েছে। একটি স্থানীয় সহযোগী সংগঠন এসএমসি এন্টারপ্রাইজ নারী শ্রমিকদের মধ্যে বিনামূল্যে স্যানিটারি ন্যাপকিন সরবরাহ করে গবেষণার কাজে সহায়তা করেছে।

প্রশিক্ষণ অধিবেশনে, নিযুক্ত কর্মীদের নিরাপদ পানি, পয়ঃব্যবস্থাপনা এবং স্বাস্থ্যবিধি অনুশীলন সম্পর্কে আচরণগত পরিবর্তন আনয়নে বিভিন্ন পদ্ধতি ও কৌশলের ওপর জোর দেওয়া হয়েছে।

উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন মাহবুব-উল আলম, গবেষণাটির প্রধান গবেষক এবং সহকারী বিজ্ঞানী, এনভায়রনমেন্টাল ইন্টারভেনশনস ইউনিট (ইআইইউ), ইনফেকশাস ডিজিজেস ডিভিশন (আইডিডি), আইসিডিডিআর,বি। তিনি বলেন, “লক্ষ লক্ষ নারী যারা কঠোর পরিশ্রমের মাধ্যমে দেশের উন্নতি সাধন করে চলেছেন তাঁদের সুস্বাস্থ্য এবং স্বাস্থ্যসম্মত পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে আমরা খুব অল্পই জানি। এক্ষেত্রে আমরা এ-অবস্থার বাস্তব চিত্র জানতে চাই এবং নারী-বান্ধব স্বাস্থ্য উপযোগী ব্যবস্থা উন্নয়নের উপায় বের করতে চাই। ভবিষ্যতে আমরা আরো নতুন নতুন তৈরি পোশাক কারখানায় এই গবেষণার কাজকে সম্প্রসারিত করার বিষয়ে আশাবাদী।”

তিনি বলেন, “গবেষণায় সার্বিক সহায়তার হাত বাড়িয়ে দেওয়ার জন্য আহমেদ ফ্যাশনস এবং এসএমসি এন্টারপ্রাইজের প্রতি আইসিডিডিআর,বি গভীরভাবে কৃতজ্ঞ। আমরা আশাবাদী যে আরো অনেক তৈরি পোশাক কারখানা নারী শ্রমিকদের কর্মক্ষেত্রে সমতা, মর্যাদা ও স্বাস্থ্য অধিকার প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন করবে।”

এই গবেষণার জন্য এসএমসি এন্টারপ্রাইজ বিনামূল্যে তিন হাজার প্যাকেট (পনের হাজার পিস) স্যানিটারি ন্যাপকিন সরবরাহ করেছে। এসএমসি এন্টারপ্রাইজ থেকে জনাব মিজানুর রহমান অনুষ্ঠানে বক্তব্য রাখেন। তিনি বলেন,

“আইসিডিডিআর,বি-র এই মহৎ উদ্যোগের জন্য ধন্যবাদ এবং এতে সম্পৃক্ত হতে পেরে আমরা কৃতজ্ঞ। নারী শ্রমিকদের স্বাস্থ্যসম্মত মাসিক ব্যবস্থাপনা উন্নয়নে নারী-বান্ধব কর্মক্ষেত্র তৈরিতে আমাদের সকলকেই এগিয়ে আসতে হবে।”

ডাঃ আয়েশা আফরিন, রিসার্চ ফেলো, ইনফেকশাস ডিজিজেস ডিভিশন (আইডিডি),আইসিডিডিআর,বি-র পক্ষ থেকে প্রশিক্ষণটি পরিচালনা করেন। এছাড়াও আহমেদ ফ্যাশনস-এর ৫০ জন কর্মী এই কর্মশালাটিতে অংশগ্রহণ করেন বা উপস্থিত ছিলেন।

##